# উপজেলা পরিষদ
## শিবচর, মাদারীপুর।

**সেপ্টেম্বর/২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব এইচ. এম. ইবনে মিজান**<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ২৪-০৯-২০২৫, সময় : বেলা ১২.০০ টা |

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক" তে সংযুক্ত**

সভাপতি, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর কর্তৃক সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর গত ০৩-৯-২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, শিবচর উপজেলা বহুল জনবেষ্টিত একটি বৃহৎ উপজেলা যা ১৮ টি ইউনিয়ন ও একটি পৌরসভা সম্মিলিত। বহুল জনগোষ্টির স্বাস্থ্য সেবা নিশ্চিতের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান। অত্র হাসপাতালটি তে সাপে কাঁটা রোগীদের জন্য পর্যাপ্ত এন্টিভেনমের মজুদ আছে। কিন্তু অত্র উপজেলার জনবলের মাঝে সচেতনার অভাব যথেষ্ট লক্ষ্য করা যায়। জনগণের মধ্যে সচেতনার বৃদ্ধির জন্য সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করা হল।<br><br>তিনি আরোও জানান যে, ১২/১০/২০২৫ তারিখ হতে সারাদেশ ব্যাপি টাইফয়েড টিকা দান ক্যাম্পেইন-২০২৫ পরিচালিত হবে। সারা দেশের ন্যায় অত্র উপজেলাতে ৯ মাস হতে ১৫ বছর পর্যন্ত সকল শিশু, কিশোর-কিশোরীদের TVC ভ্যাকসিন দেওয়া হবে। উক্ত বিষয়ে প্রচার-প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো। সর্বশেষ, ৩য় ও ৪ র্থ শ্রেণীর জনবল নিয়োগের ব্যাপারে পূর্বের আলোচনার প্রেক্ষিতে উপজেলা প্রশাসনের কাছে ২ জন নিরাপত্তা প্রহরী ও ২ জন পরিচ্ছন্নতা কর্মির জন্য আবেদন আবারো জানানো হল। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | শূন্য পদে জনবল নিয়োগের জন্য স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরি: পরিকল্পনা কর্মকর্তা, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরি: পরিকল্পনা কর্মকর্তা,শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল। |
| ০২ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, শিবচর, মাদারীপুরে সেপ্টেম্বর/২০২৫ মাসে নিম্ন বর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়। কৃত্রিম প্রজনন-১০৪৯, টিকা প্রদান গবাদিপশু-৩,৪৬৫ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা-২,৭১৮ মাত্রা, হাঁসমুরগির চিকিৎসা-২৮,১০২ মাত্রা। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, উপজেলায় কৃষি প্রণোদনের আওতায় রবি প্রণোদনা ২০২৫-২৬ অর্থবছরে সরিষা-৩৭৫০জন, গম-১৩০০ জন, | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট |

| | | | |
|---|---|---|---|
| | সূর্যমূখী , বাদাম-২০০ জন, পিয়াজ-২০০ জন, মুগ-৮০ জন, মসুর-৪৫০জন, খেসারী-৩০০ জন, মোট-৬৩৮৫ জন কৃষকদের মাঝে বিএডিসি হতে বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে অতি দ্রুত বিনামূল্যে বিতরণ সম্পন্ন হবে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | সকল। |
| ০৪ | **এল.জি.ই.ডি বিভাগঃ** উপজেলা প্রকৌশলী, শিবচর সভাকে জানান চলতি ২০২৫-২৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিবি) ১ম কিস্তিতে ২৫.৯৭ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এডিবি ও উপজেলা উন্নয়ন তহবিলের (UDF) প্রকল্পের জন্য ০৫/১০/২০২৫ তারিখের মধ্যে নীতিমালা অনুযায়ী উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে ইউনিয়ন পরিষদের অফিসিয়াল প্যাডে লিখিত প্রকল্প দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানদের কে তিনি অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>এই প্রসঙ্গে সভাপতি জানান যে, আগামী ০৩(তিন) কার্য দিবসের মধ্যে তার ইউনিয়নের প্রতিটি ওয়ার্ড সভা আয়োজন করে, ওয়ার্ড সভার ব্যানার সহ ছবি, হাজিরা শীট এবং সভার রেজুলেশন করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানদের কে অনুরোধ জানান। এছাড়া তিনি আরো জানান যে, প্রতিটি ইউনিয়নের ৯টি ওয়ার্ডের যে প্রকল্প ছিল তার বাইরে কোন প্রকল্প নেওয়া হবে না। | চলতি ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল (UDF) ও উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) ও উপজেলা উন্নয়ন তহবিলের খাতের জন্য ০৫/১০/২০২৫ তারিখের মধ্যে নীতিমালা অনুযায়ী উপজেলা প্রকৌশলী কার্যালয়ে ইউনিয়ন পরিষদের অফিসিয়াল প্যাডে লিখিত প্রকল্প দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যান /প্যানেল চেয়ারম্যান দের কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) আগামী ০৩(তিন) দিনের মধ্যে তার ইউনিয়নে প্রতিটি ওয়ার্ড সভা আয়োজন করে, ওয়ার্ড সভার ব্যানারসহ ছবি, হাজিরা শীট এবং সভার রেজুলেশন করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানদের কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল<br><br>২। চেয়ারম্যান / প্যানেল চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| ০৫ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), শিবচর, মাদারীপুর সভাকে জানান, ২৮/৯/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৬/১০/২০২৫ তারিখ পর্যন্ত দুর্গা উৎসব উপলক্ষ্যে প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকবে। প্রাথমিক বিদ্যালয় গুলোতে ৩য়-৫ম শ্রেণির যে সকল শিক্ষার্থী বাংলা ও ইংরেজী সাবলীল ভাবে পড়তে পারে না তাদের আলাদা ভাবে পাঠদান চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ০৬ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি।** | **আগামী মাসিক সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শিবচর, মাদারীপুর কে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।** | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর** |
| ০৭ | **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ১৮/৮/২০২৫ তারিখ হতে ২৪/৮/২০২৫ তারিখ পর্যন্ত ৭দিন ব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ সফলভাবে পালিত হয়েছে। উন্মুক্ত ও সরকারী বিভিন্ন জলাশয়ে পোনা মাছ অবমুক্তির কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে। জাটকা সংরক্ষণ অভিযান ও অন্যান্য মৎস্য আইন অনুযায়ী ৫ টি অভিযান করে ৪০ কেজি জাটকা জব্দ ও এতিমখানায় বিতরণ, ৬ হাজার মিটার কারেন্ট জাল ও ১৪ টি চায়না দুয়ারী ধ্বংস করা হয়েছে। মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৫ এর প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে। বিকল্প কর্মসংস্থানের উপকরণ বিতরণের জন্য জেলেদের তালিকা সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | জাটকা সংরক্ষণ অভিযান ও অন্যান্য মৎস্য আইন অনুযায়ী অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | **উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান চলতি অর্থবছরের প্রথম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর) ৭টি ক্যাটাগরিতে তথা বয়স্ক ১৭,৩৮১ জন, বিধবা ৬,৫৮৭ জন, প্রতিবন্ধি ৬,২১৭ জন, অনগ্রসর ১৪৬ জন, প্রতিবন্ধী শিক্ষার্থী ৫০ জন এবং অনগ্রসর শিক্ষার্থী ২০ এবং হিজড়া ১ জন সহ সর্বমোট ৩০,৪০২ জন উপকারভোগীকে ৬,৩৯,৯৩, ১৫০(ছয় কোটি উনচল্লিশ লাখ তিরানব্বই হাজার একশত পঞ্চাশ) টাকার পেরোল প্রেরণ করা হয়েছে। মৃত ভাতাভোগীদের স্থলে নীতিমালার আলোকে নতুন উপকারভোগী নির্বাচনের জন্য শীঘ্রই ইউপি চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানবৃন্দকে পত্র প্রেরণ করা হবে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মৃত ভাতাভোগীদের স্থলে নীতিমালার আলোকে নতুন উপকারভোগী নির্বাচনের জন্য শীঘ্রই ইউপি চেয়ারম্যান/ইউপি প্যানেল চেয়ারম্যান বৃন্দকে পত্র প্রেরণ করা হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ০৯ | **উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২৫ ইতোমধ্যে শেষ হয়েছে। ৩১ আগস্ট ২০২৫ তারিখে হাল নাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্র পরিদর্শন কার্যক্রম শেষ হয়েছে। গত ১০/০৯/২০২৫ তারিখে খসড়া ভোট কেন্দ্রের তালিকা প্রকাশ করা হয়েছে এবং খসড়া ভোটকেন্দ্রের উপর দাবী-আপত্তি থাকলে ২৫/০৯/২০২৫ তারিখের মধ্যে লিখিত ভাবে দাখিল করতে পারবে।<br>তিনি আরোও জানান ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল কার্যক্রম চলমান আছে। ৪৩টি প্রতিষ্ঠানে পত্র প্ররণ করা হয়েছে। তার মধ্যে আজ পর্যন্ত ২২টি প্রতিষ্ঠান হতে জনবলের তথ্য পাওয়া গেছে। যদি কোন কর্মকর্তা বা কর্মচারী অবসর গ্রহণে যান তাহলে অবসরের তারিখ, মাতৃত্বকালীন ছুটিতে গেলে ছুটি শুরুর তারিখ বা সিরিয়াস অসুস্থ হলে অবশ্যই তালিকায় উল্লেখ করতে হবে। উপজেলা প্রশাসন বিষয়টি বিবেচনা করবে। একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কোন কর্মকর্তা বা কর্মচারী অবসর গ্রহণে গেলে, অবসরের তারিখ, মাতৃত্বকালীন ছুটিতে গেলে ছুটি শুরুর তারিখ বা সিরিয়াস অসুস্থ হলে অবশ্যই তালিকায় উল্লেখ করে উপজেলা নির্বাচন অফিসার, শিবচরকে এবং উপজেলা প্রশাসনকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১০ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, আগস্ট/২০২৫ মাসে নিম্ন বর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। খাবার বড়ি-৩,৪৪৭ জন, কনডম-৫২৯ জন, ইনজেটেবলম-৯৩৫ জন, ইমপ্লানন-৮২ জন, আইইউটি-২১ জন, আইইউডি-২১ জন, মহিলা বন্ধ্যাকরণ-০০ জন, পুরুষ বন্ধ্যাকরণ-০০ জন, মোট সক্ষম দম্পত্তি-৬০১৬৭ জন, মোট গ্রহণকারী-৪৭৭০৬ জন, সি এ আর ৭৯.২৯%। মাও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম আগষ্ট/২০২৫ খ্রিঃ মাসে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রসংগে বিস্তারিত আলোচনা করা হয়। গর্ভবতী সেবা-৫৮০ জন, প্রসবোত্তর সেবা-২৪৫ জন, ডেলিভারী-১৬ জন, কিশোর কিশোরী-৫৭২১ জন, শিশু সেবা (০-৫)-৮৮৯ জন, পুষ্টি সেবা-৩১৮৬ জন, সাধারণ রোগীর সেবা-২৩৬৭ জন। সকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভবতি মহিলাদের স্বাভাবিক প্রসব করাতে এবং বাড়িতে প্রসব না করার জন্য সকল ইউপি চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানদের কে অনুরোধ করা হয়। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভবতি মহিলাদের স্বাভাবিক প্রসব করাতে এবং বাড়িতে প্রসব না করার জন্য সকল ইউপি চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানদের কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্রশাসন, শিবচর, মাদারীপুর।<br>০২। উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা, শিবচর, |
| ১১ | **পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শিবচর, মাদারীপুর সভাকে জানান, শারদীয় দুর্গাপূজা চলাকালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বজায় রাখার জন্য জরুরী মালামাল (ট্রান্সফার্মার, মিটার, ক্যাবল সহ অন্যান্য প্রয়োজনীয় মালামাল) স্টক করা হয়েছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সচল রাখার স্বার্থে জরুরী ডিউটি রোস্টার করা হয়েছে। ২৭/০৯/২৫ তারিখ থেকে ০২/১০/২৫তারিখ পর্যন্ত। পল্লী বিদ্যুৎ সেবার জরুরী হটলাইন নাম্বার | শারদীয় দুর্গাপূজা চলাকালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বজায় রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শিবচরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | ১৬৮৯৯ চালু আছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান ২০২৫-২৬ অর্থ বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা ২১ কোটি টাকা। আগস্ট/২৫ মাস পর্যন্ত ঋণ বিতরণ হয়েছে ৩.৬১ কোটি টাকা, ঋণ আদায় হয়েছে ৩.১৫ কোটি টাকা। খেলাপী ঋণের পরিমাণ ২.৫৭ কোটি টাকা (পূর্বের সহ)। খেলাপী ঋণ আদায়ে সভাপতি মহোদয়ের সহযোগিতা চাওয়া হয়। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১৩ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান ২০২৫-২৬ অর্থ বছরে টি.আর, কাবিখা, কাবিটা এর বরাদ্দ পাওয়া গিয়েছে, ইউনিয়ন ওয়ারি পুনঃবরাদ্দ প্রদান করা হয়েছে। কোন ইউনিয়ন থেকে অদ্যবধি প্রকল্পের তালিকা পাওয়া যায়নি। প্রকল্প তালিকা পাওয়া গেলে চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা কমিটিতে প্রেরণ করা হবে। সেতু, কালভার্টের ২২টি প্রকল্পের কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৭৪%। দুর্যোগ আশ্রয় কেন্দ্র (উমেদপুর ইউপি) কাজ চলমান। কাজের অগ্রগতি ৬০%। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ২০২৫-২৬ অর্থ বছরে টি.আর, কাবিখা, কাবিটা এর বরাদ্দ পাওয়া গিয়েছে, ইউনিয়ন ওয়ারি পুনঃবরাদ্দ প্রদান করা হয়েছে। কোন ইউনিয়ন থেকে অদ্যবধি প্রকল্পের তালিকা পাওয়া যায়নি। দ্রুত তালিকা দাখিলের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর<br><br>০২। চেয়ারম্যান /ইউপি প্যানেল চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ শিবচর, মাদারীপুর |
| ১৪ | **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা,শিবচর, মাদারীপুর সভাকে জানান ০২ টি দুগ্ধ ঘাটতি প্রকল্পে ১০০ জন উপকারভোগীদের মধ্যে বকনা বাছুর ক্রয়ের জন্য ২,০০,০০,০০০ (দুই কোটি) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং শতভাগ গরু ক্রয় করা হয়েছে। উক্ত প্রকল্পের ঋণ আদায়ের নির্ধারিত সময় হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | **উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান উপজেলার ইউনিয়ন ভিত্তিক খাদ্য বান্ধব উপকারভোগী কার্ডধারীদের তালিকা হালনাগাদ করে ১৫/৯/২০২৫ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর মহোদয় বরাবর দাখিলের জন্য ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি কে পত্র দেয়া হয়।<br>তিনি জানান যে, দত্তপাড়া, নিলখী, সন্নাসীরচর, ভান্ডারীকান্দী, ভদ্রাসন ইউপি হতে খাদ্য বান্ধবের হালনাগাদকৃত তালিকা পাওয়া গেছে। অবশিষ্ট ১৩টি ইউপি হতে খাদ্য বান্ধব কার্ডধারীদের হালনাগাদকৃত তালিকা পাওয়া যায়নি।<br>তিনি আরো জানান যে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে খাদ্য বান্ধব কার্ডধারীদের তালিকা হালনাগাদ করে দেওয়ার জন্য সংশ্লিষ্টদের তাগিদ দেয়া অব্যাহত আছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | যে সকল ইউনিয়ন অদ্যাবধি খাদ্য বান্ধব কার্ডধারীদের হালনাগাদ তালিকা দাখিল করেননি, তাদেরকে জরুরী ভিত্তিতে হালনাগাদ তালিকা উপজেলা নির্বাহী অফিসার, শিবচর বরাবর দাখিলের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর<br><br>২।প্যানেল চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ শিবচর, মাদারীপুর |
| ১৬ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ সভাকে জানান ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দকৃত ১০০ টি টুইন-লিট অফসেট ল্যাট্রিন এর নির্মাণ কাজ চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দকৃত ইউনিয়ন প্রতি ১২টি করে পানির উৎস স্থাপন কাজের জন্য সাইট সিলেকশন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১৭ | **উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১৪ টি ব্যাচে বিভিন্ন ট্রেডে (১৪×৩০)=৪২০ জন। সেপ্টেম্বর/২৫ মাসে ০১টি ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে। বিগত সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিদেশী ভাষা শিক্ষা প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে বিদেশ গমনে ইচ্ছুক যুবদের তথ্য | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | সংগ্রহের জন্য অত্র কার্যালয় হতে প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। যুব ঋণ বিতরণ আদায় এবং যাবতীয় যুব কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান রয়েছে। তিনি আরো জানান যে, যুব কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য যুব উন্নয়ন অফিসের অধীনে আরও ০২(দুটি) রুম বরাদ্দের প্রয়োজন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৮ | **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান, মহিলা প্রশিক্ষণ কেন্দ্রটি উপজেলা পরিষদের বাইরে ভাড়া বাড়িতে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। উপজেলা পরিষদের ভেতরে প্রশিক্ষণ কেন্দ্রটি স্থানান্তর করা হলে সেবা প্রদান আরও তরান্বিত করা সম্ভব।<br>তিনি সভাকে আরো জানান, তার অফিস কক্ষের বাথরুমের দরজাটি অকেজো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হল। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১৯ | **উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসঃ উপজেলা সাব-রেজিস্ট্রার, শিবচর, মাদারীপুর মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি।** | **আগামী মাসিক সভায় উপজেলা সাব রেজিস্ট্রার,শিবচর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।** | **উপজেলা সাব-রেজিস্ট্রার, শিবচর, মাদারীপুর** |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শিবচর, মাদারীপুর এর প্রতিনিধি সভাকে জানান তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২১ | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান আগস্ট/২০২৫ মাসে আউশ ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ, মাসিক কৃষি মজুরির তথ্য সংগ্রহ এবং ICT ব্যবহার বিষয়ক জরিপ পরিচালনার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২২ | **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, সুবিধা ভোগীর সংখ্যা ১৩০০ জন। ঋণের লক্ষ্যমাত্রা ৩ কোটি টাকা। আগস্ট/২০২৫ মাসে ২৫ জন সুবিধা ভোগীর মধ্যে ১৮.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় ২২.০০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৭% টাকা। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের বাইরে ভাড়া বাড়িতে অফিস চালানো হয়। যাহা নিরাপত্তার অভাব। উপজেলা পরিষদের মধ্যে অফিস প্রয়োজন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্টু ভাবে চলছে। | ঋণ আদায়ের প্রয়োজনীয় সহযো-গিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২৩ | **পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান শিবচর শাখায় ২০২৫-২৬ অর্থবছরে মোট ঋণ আদায় হয়েছে ৪ কোটি ১৫ লক্ষ ৭৮ হাজার টাকা, বিতরণ হয়েছে ৩ কোটি ৯১ লক্ষ ৩৫ হাজার টাকা, সঞ্চয় আদায় হয়েছে ১৪ লক্ষ ২২ হাজার টাকা। বর্তমানে শাখায় খেলাপী ঋণ ৭ কোটি ১০ লক্ষ টাকা। খেলাপী ঋণ আদায় করতে সমস্যা হচ্ছে। খেলাপী ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের একান্ত সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২৪ | **ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, শিবচর, |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | **ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ ফিল্ড সুপারভাইজার, শিবচর, মাদারীপুর মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি।** | **আগামী মাসিক সভায় ফিল্ড সুপারভাইজার, উপজেলা ইসলামিক ফাউন্ডেশন শিবচর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।** | **ফিল্ড সুপার ভাইজার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল** |
| ২৬ | **জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা প্রতিনিধি সভাকে জানান তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।** | **কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।** | **চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা ও সংশ্লিষ্ট সকল** |
| ২৭ | **উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভা কে জানান, তার অফিস কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর |
| ২৮ | **উপজেলা আইসিটি অফিস :** উপজেলা আইসিটি অফিসার, শিবচর, মাদারীপুর মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি। | আগামী মাসিক সভায় উপজেলা আইসিটি অফিসার, শিবচর, মাদারীপুর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, শিবচর, মাদারীপুর |
| ২৯ | **উপজেলা পাট অফিসঃ উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি।** | **আগামী মাসিক সভায় উপজেলা পাট কর্মকর্তা, শিবচর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।** | **উপজেলা পাট কর্মকর্তা,. শিবচর, মাদারীপুর** |
| ৩০ | উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি। | আগামী মাসিক সভায় উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শিবচর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শিবচর, মাদারীপুর |
| ৩১/১ | **বিবিধ** : নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনা : উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনা করা হয়। | খাদ্যে ভেজালের বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ওবনিক সমিতি, শিবচর |
| ৩১/২ | **উপজেলা পরিষদের নিরাপত্তা সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য (আনসার) এক বছরে ১ লক্ষ টাকা ব্যয় করার নীতিমালা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুসারে উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে ব্যয় করা যাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য জনাব মোঃ শহিদুল ইসলাম, দৈনিক পারিশ্রমিক ৩০০/-(তিনশত) টাকা হারে এবং মাসিক ৯০০০/-(নয় হাজার) টাকা পারিশ্রমিক প্রদান করা হচ্ছে। বিগত ২০২৪-২০২৫ অর্থ বছরের অর্থ ১৫/১০/২০২৪ তারিখে উত্তোলন করা হয় এবং আগস্ট হতে জুন ২০২৫ মাস পর্যন্ত ১১(এগার) মাসে (৯০০০×১১)=৯৯,০০০/- টাকার প্রদান করা হয়। এমতাবস্থায়, জনাব মো : শহিদুল ইসলাম এর ২০২৫-২০২৬ অর্থ বছরের পারিশ্রমিক উত্তোলনের বিষয়ে আলোচনা করা হলে সভার সকল সদস্য একমত পোষণ করেন এবং তার পারিশ্রমিক উত্তোলনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ শহিদুল ইসলাম(আনসার) এর পারিশ্রমিক উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ শিবচর, মাদারীপুর |
| ৩১/৩ | **বজ্য ব্যবস্থাপনা/ পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত আলোচনা :** সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর সভাকে জানান উপজেলা পরিষদের আঙিনায়, পুকুর পাড়সহ উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল ময়লা আবর্জনা, পরিষ্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে বর্জ্য ব্যবস্থাপনা/ পরিষ্কার পরিচ্ছন্নতা করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ শিবচর, মাদারীপুর |
| ৩১/৪ | **অফিস সরঞ্জাম ক্রয় সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী উপজেলা | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | এবং উপজেলা পরিষদের পূর্বতন চেয়ারম্যানের বাংলোতে ( গেস্ট হাউজে) ভালো মানের ইন্টারনেটের সার্ভিস না থাকায় Starlink ইন্টারনেট ক্রয় করার প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব অর্থে Starlink ইন্টারনেট ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিষদের রাজস্ব তহবিলের অর্থে ভালো মানের ইন্টারনেট ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ও<br>প্রশাসক<br>উপজেলা পরিষদ<br>শিবচর, মাদারীপুর |
| ৩১/৫ | **উপজেলা পরিষদের পূর্বতন চেয়ারম্যানের বাংলোতে পিওরইটের ইলেকট্রনিক পানির ফিল্টার , পর্দা পরিস্কার করণ এবং পানির লাইন মেরামত সংক্রান্ত আলোচনা:**<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে উপজেলা পরিষদের পূর্বতন চেয়ারম্যানের বাংলোতে পিওরইটের ইলেকট্রনিক পানির ফিল্টার ক্রয়, পর্দা পরিস্কার করণ এবং পানির লাইন মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং এ বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব অর্থে পিওরইটের ইলেকট্রনিক পানির ফিল্টার ক্রয়, পর্দা পরিস্কার করণ এবং পানির লাইন মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে পিওরইটের ইলেকট্রনিক পানির ফিল্টার ক্রয়, পর্দা পরিস্কার করণ এবং পানির লাইন মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক<br>উপজেলা পরিষদ<br>শিবচর, মাদারীপুর |
| ৩১/৬ | **উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত :** সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়ীটি সচল রাখার জন্য জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং এ বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব অর্থে পরিষদের জীপ গাড়িটি মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদের জীপ গাড়িটি মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক<br>উপজেলা পরিষদ<br>শিবচর, মাদারীপুর |
| ৩১/৭ | সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর আরও জানান যে,চান্দেরচর জিসি (নুরুল আমিন কলেজ) হতে ছিলারচর জিসি রোড ভায়া উত্তর ক্রোকচর এবং দক্ষিণ ক্রোকচর হাট (আইডি নং-৩৫৪৮৭২০০৬) রাস্তাটি প্রশস্তকরণ ও শক্তিশালীকরনের কাজ চলমান আছে। রাস্তার দুই পার্শে বন বিভাগ কর্তৃক গাছ লাগানো আছে। রাস্তার দুইপাশে অনেক গাছ বিদ্যমান আছে। কিন্তু রাস্তার কিছু কিছু অংশ ১৬/১৭টি বিভিন্ন প্রজাতির গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় রাস্তার মাঝখানে হেলে আছে। গাছপালা রাস্তার ভেতরে হেলে পড়ায় ঝুঁকিপূর্ণ হওয়ার কারনে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে এবং রাস্তাটিতে যে কোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটিবার সমূহ সম্ভাবনা আছে। তাই দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে এবং রাস্তাটির উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের স্বার্থে রাস্তার ভিতরে যে কয়টি গাছ পড়েছে সেগুলো অতিদ্রুত অপসারণ করার প্রয়োজন। উল্লেখ্য যে,এ ব্যপারে কয়েকটি জাতীয় পত্রিকায় প্রতিবেদন প্রকাশিত হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, রাস্তাটির উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের স্বার্থে রাস্তার ভিতরে যে কয়টি গাছ পড়েছে সেগুলো অতিদ্রুত বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা বন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা প্রকৌশলী শিবচর,মাদারীপুর<br>২। উপজেলা বন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর। |

**৩১/৮ : উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) ঃ**

বিবিধ আলোচনা ঃ-

সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর আরও জানান যে, চলতি ২০২৫-২৬ অর্থ বৎসরে "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)- এর অর্থায়নে জরুরী ভিত্তিতে নিম্নে বর্ণিত স্কীম সমূহ বাস্তবায়নের নিমিত্তে প্রস্তাবকৃত স্কীম সমূহঃ-

| ক্রঃনং | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | ক্যাটাগরি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | বাঁশকান্দি ইউনিয়নে ০৮নং ওয়ার্ডে সম্ভুক ব্রীজ পাঁকা রোড থেকে মেজর জেনারেল মঞ্জুরুল আলম এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন। | ৯,৯৮,৬৭৩/- | ভৌত | টেন্ডার |
| ২। | শিবচর উপজেলা পরিষদ জামে মসজিদ মার্কেট মেরামত করণ | ৪,২২,৪১৫/- | ভৌত | টেন্ডার |
| ৩। | উমেদপুর ইউপি অফিস হতে চেয়ারম্যান বাড়ী হইতে ভান্ডারীকাদি সড়কে কালভার্ট মেরামত করণ। | ১,৯৩,৩৩১/- | কৃষি | পিআইসি |
| ৪। | পরিবার পরিকল্পনা,মা ও শিশু স্বাস্থ্য সেবা ও গর্ভবতী মায়েদের জন্য ঔষধ সরবরাহ কাজ। | ৮,০০,০০০/- | স্বাস্থ্য | টেন্ডার |
| ৫। | শিবচর উপজেলায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসা সমূহে পরিদর্শন রেজিস্টার সরবরাহকরণ। | ৩,০০,০০০/- | শিক্ষা | পিআইসি |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২৫-২৬ অর্থ বৎসরে "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)- এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন উপরোক্ত প্রস্তাবকৃত স্কীম সমূহের প্রাক্কলন প্রস্তুত করতঃ অনুমোদন পূর্বক দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উপরোক্ত স্কীম সমূহের কাজ চলতি ২০২৫-২৬ অর্থ বৎসরে "উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)- এর খাত থেকে চূড়ান্ত বিল পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

## ৩১/৯ : বিবিধ আলোচনা ঃ-

সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর আরও জানান যে, মাদারীপুর জেলার শিবচর উপজেলায় ৫ই আগস্ট, ২০২৪ তারিখে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত অডিটোরিয়াম/ভবন ক্ষতিগ্রস্থ হয়। উক্ত অডিটোরিয়াম/ভবন সমূহ চলতি ২০২৫-২৬ অর্থ বৎসরে সংস্কার, মেরামত ও আধুনিকরণ করা প্রয়োজন। নিম্নে বর্ণিত স্কীম সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে বরাদ্দ চেয়ে পত্র প্রেরণের সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রস্তাবকৃত স্কীম সমূহ নিম্নরূপ ঃ-

| ক্রঃনং | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ৫ই আগস্ট/২০২৪ইং ক্ষতিগ্রস্থ শিবচর উপজেলাধীন ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম মেরামত,সংস্কার ও আধুনিকরণ। | ৩০,০০,০০০ | |
| ২। | উপজেলা গেস্ট হাউজ (উপজেলা পরিষদের চেয়ারম্যান এর বাস ভবন) বাউন্ডারী ওয়াল সংস্কার করণ। | ৯,৫০,০০০.০০ | |
| ৩। | উপজেলা প্রশাসনিক ভবনের হলরুমে সাউন্ড সিস্টেম সরবরাহ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ও হলরুম সংস্কার ও আধুনিকরণ। | ৪৪,৮৮,৮১০.০০ | |
| ৪। | শিবচর উপজেলা প্রশাসনিক ভবনে কলাপ্সিবল গেট, রেলিং নির্মাণ করণ। | ১৭,৫০,০০০.০০ | |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি ২০২৫-২৬ অর্থ বৎসরের আওতায় অত্র শিবচর উপজেলাধীন উপরোক্ত প্রস্তাবকৃত ০৪(চার) টি স্কীম অনুমোদন ও বরাদ্দের নিমিত্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

সভাপতি বলেন মা ইলিশ সংরক্ষণ অভিযান, অবৈধ ভাবে ড্রেজার দিয়ে বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে এবং চায়না দোয়ারী মাছ ধরার জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। সভাপতি সততা ও নিষ্ঠার সাথে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যান ও দপ্তরের বিভাগীয় প্রধানগণকে সমন্বয়ে করে কাজ করার জন্য উদাত্ত আহবান জানান। তিনি আরও বলেন যে, উপজেলার সকল বিভাগীয় প্রধানগণের সমন্বয়ে একটি টিম হিসেবে কার্যক্রম পরিচালনা করলে উপজেলার সকল উন্নয়নমূলক কাজ করতে সহজ হবে। আগামী মাসিক সমন্বয় সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য উপজেলার সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৯/২৫

**এইচ. এম. ইবনে মিজান**
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর

স্মারক নং- ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২৪- ৮৮৪/১ তারিখ:২৪/৯/২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রে,রণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৪। জেলা প্রশাসক, মাদারীপুর।

৫। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

৭। জনাব ..................................................................শিবচর, মাদারীপুর।

৮। অফিস কপি।

২৪/০৯/২৫

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর